

“জাতীয় স্থানীয় সরকার দিবস” ২০২৪ উদযাপনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : সাইয়েমা হাসান
উপজেলা নির্বাহী অফিসার, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
সভার তারিখ ও সময় : ২২.০২.২০২৪ খ্রিস্টাব্দ; সকাল: ১০:০০ ঘটিকা
স্থান : সম্প্রসারিত উপজেলা পরিষদ কমপ্লেক্স সভা কক্ষ।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা -পরিশিষ্ট-“ক”

সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। তিনি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। সভায় সভাপতি মহোদয় জানান যে, প্রতিবছর ২৭ ফেব্রুয়ারী “খ” শ্রেণির দিবস হিসেবে “জাতীয় স্থানীয় সরকার দিবস” উদযাপনে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে। ২৭ ফেব্রুয়ারী এসএসসি পরীক্ষা থাকায় কর্মসূচির সময় কিছুটা পরিবর্তন করা হয়। দিবসটি যথাযথ গুরুত্ব ও মর্যাদার সাথে উদযাপনের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। জাতীয় স্থানীয় সরকার দিবস উদযাপনের প্রতিপাদ্য বিষয় ‘সেবা ও উন্নতির দক্ষ রূপকার, উন্নয়নে-উদ্ভাবনে স্থানীয় সরকার।

সভায় বিস্তারিত আলোচনা শেষে উপজেলা পর্যায়ে নিম্নরূপ কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.নং	সময়	কর্মসূচির স্থান	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	২৭.০২.২০২৪খ্রি. বিকাল ০৩.৩০মি. ঘটিকা	র্যালি: উপজেলা পরিষদ থেকে শুরু করে সুবিদখালী তিনরাস্তার মোড় হয়ে উপজেলা পরিষদ চত্বর।	উপজেলা পরিষদ ও প্রশাসন, মির্জাগঞ্জ
	২৭.০২.২০২৪খ্রি. বিকাল ০৪.০০মি. ঘটিকা	আলোচনা সভা: স্থান : সম্প্রসারিত উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের কনফারেন্স রুম।	উপজেলা পরিষদ ও প্রশাসন, মির্জাগঞ্জ

- ০২। ‘জাতীয় স্থানীয় সরকার দিবস’ উদযাপন উপলক্ষ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সচিব, গ্রাম পুলিশ ও উদ্যোক্তা উপজেলায় র্যালি, আলোচনা অনুষ্ঠানে অংশগ্রহণ করবে।
বাস্তবায়নেঃ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) মির্জাগঞ্জ।
- ০৩। ‘জাতীয় স্থানীয় সরকার দিবস’ উদযাপন উপলক্ষ্যে নিরাপত্তা প্রদানের প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে : অফিসার ইনচার্জ মির্জাগঞ্জ থানা।
- ০৪। ‘জাতীয় স্থানীয় সরকার দিবস’ উপযাপন উপলক্ষ্যে তাৎক্ষণিক চিকিৎসা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক মেডিকেল টিম গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা মির্জাগঞ্জ।
- ০৫। ‘জাতীয় স্থানীয় সরকার দিবস’ উদযাপন উপলক্ষ্যে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি মির্জাগঞ্জ।


০৬। 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদযাপন সংক্রান্ত র্যালি ও আলোচনা সভায় প্রয়োজনীয় সংখ্যক শিকারীর অংশগ্রহণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা শিক্ষা অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসার, মির্জাগঞ্জ।

০৭। 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদযাপনের জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ১২/০২/২০২৪খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.১২ (অংশ-৩)-১০৬ নম্বর স্মারকের পরে অনুমোদনক্রমে উপজেলা রাজস্ব তহবিল থেকে ২৪০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয়ে নির্বাহীর সিদ্ধান্ত গৃহীত হয়।

গৃহীত কর্মসূচি যথাযথভাবে পালনের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সাইয়েমা হাসান

উপজেলা নির্বাহী অফিসার

মির্জাগঞ্জ, পটুয়াখালী

ফোন: +৮৮০২৪৭৮৮৮২২৬৯

e-mail: unomirzagonj@gmail.com

স্মারক নম্বর: ০৫.১০.৭৮৭৬.০০০.০৯.০১৪.২৪-২৬৮

তারিখ: ০৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারী ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। মাননীয়সংসদসদস্য, ১১১ পটুয়াখালী-১ আসন, পটুয়াখালী।

০২। জেলা প্রশাসক, পটুয়াখালী।


০৩। পুলিশ সুপার, পটুয়াখালী।

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।

০৫। অফিসার ইন-চার্জ, মির্জাগঞ্জ থানা।

০৬। ভাইস চেয়ারম্যান পুরুষ/মহিলা, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।

০৭-৫০। জনাব.....



উপজেলা নির্বাহী অফিসার

মির্জাগঞ্জ, পটুয়াখালী